www.prepp.in

**UPSC CSE 2016 MAINS PAPER 7 DECEMBER 09, 2016 BENGALI LITERATURE OPTIONAL PAPER - II QUESTION PAPER**

**M–ESC–D–BNG**

# BENGALI

## PAPER—II

## ( LITERATURE )

Time Allowed : Three Hours

Maximum Marks : 250

**QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS**

**Please read each of the following instructions carefully before attempting questions**

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, THREE are to be attempted choosing at least ONE question from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI (Bengali script).

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

---

# বাংলা

## প্রশ্নপত্র—II

## ( সাহিত্য )

সময় : 3 ঘণ্টা

পূর্ণাঙ্ক : 250

**প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী**

**উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন**

প্রশ্নপত্রের দুটি ভাগে সর্বসমেত আটটি (8) প্রশ্ন আছে।

পরিক্ষার্থীকে সর্বসমেত পাঁচটি (5) প্রশ্নের উত্তর দিতে হবে।

প্রথম **(1)** এবং পঞ্চম **(5)** প্রশ্ন দুটি আবশ্যিক। অবশিষ্ট তিনটি (3) দুটি বিভাগ থেকে অন্তত একটি করে নির্বাচন করতে হবে।

প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মূল্য দেওয়া হয়েছে।

উত্তরগুলি বাংলা অক্ষরে লিখতে হবে।

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে।

উত্তরগুলি অনুক্রম অনুসারে বিচার করা হবে। কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করার জন্য স্পষ্ট বর্জন-রেখা না থাকলে সেটি বিচার্য হবে। প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠা বা পৃষ্ঠার অংশ খালি থাকলে পরিষ্কারভাবে কেটে দিতে হবে।

www.prepp.in

Prepp
Your Personal Exams Guide

## SECTION—A

**1.** প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করুন। প্রতিটি প্রশ্ন আবশ্যিক। (প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা *150*) : 10×5=50

*(a)* ''অম্বরে ডম্বর ভরু নব মেহ।
বাহিরে তিমিরে না হেরি নিজ দেহ॥
অন্তরে উয়ল শ্যামর ইন্দু।
উছলল মনহি মনোভব সিন্ধু॥''

*(b)* ''অরসজ্ঞ কাক চুষে জ্ঞাননিম্বফলে।
রসজ্ঞ কোকিল খায় প্রেমাম্রমুকুলে॥''

*(c)* ''উঠ, বৎস, পোহাইল রাতি।
লঙ্কার উত্তর দ্বারে বনরাজী মাঝে
শোভে সরঃ; কূলে তার চণ্ডীর দেউল
স্বর্ণময়; স্নান করি সেই সরোবরে,
তুলিয়া বিবিধ ফুল, পূজ ভক্তি-ভাবে
দানব-দমনী মায়ে।''

*(d)* ''সংসারে বৈষম্য থাকাই উচিত। প্রকৃতিই অনেক বৈষম্যের নিয়ম করিয়া আমাদিগকে এই সংসার-রঙ্গে পাঠাইয়াছেন।''

*(e)* ''ঠাঁই নাই, ঠাঁই নাই, ছোটো সে তরী
আমারি সোনার ধানে গিয়েছে ভরি।''

**2.** *(a)* ''শুধু বৈকুণ্ঠের তরে বৈষ্ণবের গান!'' বৈষ্ণব পদাবলী সাহিত্যের ধর্ম-নিরপেক্ষ গুরুত্ব বিচার করুন। 20

*(b)* 'অভিসার' কী? বৈষ্ণব সাহিত্যে 'অভিসার'-এর সংজ্ঞা নিরূপণ করুন। অভিসারের তাৎপর্য নির্ণয় করে, এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব বিচার করুন। 5+7+8=20

*(c)* 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থের মধ্যলীলার অষ্টম পরিচ্ছেদ অবলম্বনে 'রাধাতত্ত্ব'-এর স্বরূপ আলোচনা করুন। 10

**3.** *(a)* ''নিপুণ পর্যবেক্ষণ, সহৃদয়তা, জীবনে আস্থা, ব্যাপক অভিজ্ঞতা ইত্যাদি যে সব গুণ ভালো উপন্যাস-লেখকের রচনায় প্রত্যাশিত সে সব গুণ, সেকালের পক্ষে যথোচিত পরিমাণে, মুকুন্দের রচনাতেই পাই।'' সমালোচকের এই অভিমত 'আখেটিক' খণ্ডে কীভাবে ধরা পড়েছে, দেখান। 20

*(b)* 'মেঘনাদবধ কাব্য'-এ কবি মধুসূদনের আত্মজৈবনিক উপাদান কীভাবে প্রতিফলিত হয়েছে, দেখান। 20

*(c)* সূত্রাকারে 'সোনার তরী' কাব্যের মূল সুরটুকু লিপিবদ্ধ করুন। 10

www.prepp.in

Prepp
Your Personal Exams Guide

[redacted]

**4.** *(a)* ''চৈত্রবায়ুতাড়িত এক বিশাল তরঙ্গ আসিয়া, তীরে যথায় কপালকুণ্ডলা দাঁড়াইয়া, তথায় তটাধোভাগে প্রহত হইল, ... কপালকুণ্ডলা ... নদীপ্রবাহমধ্যে ভগ্ন হইয়া পড়িল।'' কপালকুণ্ডলার এই পরিণতি সমগ্র উপন্যাসের পরিপ্রেক্ষিতে কতটা যুক্তিযুক্ত, বিচার করুন। 20

*(b)* 'বঙ্গদেশের কৃষক' অবলম্বনে বঙ্কিমচন্দ্রের প্রশাসক ও প্রাবন্ধিক সত্তার দ্বন্দ্ব-সমন্বয়ের চিত্রটি আঁকুন। 15

*(c)* 'ছিন্নপত্রাবলী' অবলম্বনে রবীন্দ্রনাথের সৌন্দর্যবোধের স্বরূপ আলোচনা করুন। 15

## SECTION—B

**5.** প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করুন। প্রতিটি প্রশ্ন আবশ্যিক। (প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা *150*) : 10×5=50

*(a)* ''আমার অনবকাশের উজান ঠেলে তোমাকে ঘরে আনতে চাই নে। যেদিন পালের হাওয়ায় তুমি অনায়াসে আসবে সেইদিন আগমনীর লগ্ন লাগবে।''

*(b)*
''এ প্রাণ, রাতের রেলগাড়ি,
দিল পাড়ি—
কামরায় গাড়িভরা ঘুম,
রজনী নিঝুম।''

*(c)* ''... কিন্তু আমার সকল শিক্ষা ত তোমারি কাছে। আশ্রমই বল আর আশ্রয়ই বল, সে যে তার কোথায়, এ খবর সেজদিকে আমি দিতে পারব, কিন্তু সে ত তোমারই দেওয়া হবে।''

*(d)*
''একটা অদ্ভুত শব্দ।
নদীর জল মচকাফুলের পাপড়ির মতো লাল।
আগুন জ্বললো আবার—উষ্ণ লাল হরিণের মাংস তৈরি হ'য়ে এলো।''

*(e)*
''কেন তুমি হাঁচবে? কেন তুমি কাশবে?
দাঁত কটি মেলে ধরে কেন মধু হাসবে?''

**6.** *(a)* 'রক্তকরবী' নাটিকাটির গানগুলি সামগ্রিক নাটকের পরিপ্রেক্ষিতে কতটা যথাযথ হয়ে উঠেছে, আলোচনা করুন। 20

*(b)* 'নবজাতক' নামকরণটি কতটা সার্থক, কাব্যটি অবলম্বনে বিচার করুন। 15

*(c)* অচলার দোলাচলতা 'গৃহদাহ' উপন্যাসের মুখ্য প্রতিপাদ্য। এই দোলাচলতার জন্য দায়ী কে, নির্ণয় করুন। 15

**7.** *(a)* 'বঙ্গ সাহিত্যের নবযুগ' প্রবন্ধটির বিষয়বস্তু সেকাল ও একালের পরিপ্রেক্ষিতে কতটা সত্য হয়ে উঠেছে, আলোচনা করুন। 20

*(b)* 'আরণ্যক' উপন্যাস না ডায়েরী? স্মৃতিকথা না ভ্রমণবৃত্তান্ত? বিচার করুন। 20

*(c)* ''ঠিক সেই সময় মাথার উপর দিয়া একটি এরোপ্লেন উড়িয়া যাইতেছিল। দেখিতে দেখিতে সেটি সুন্দরবনের উপর পৌঁছিয়া গেল।'' 'সরীসৃপ' গল্পের বিষয়বস্তুর সঙ্গে অন্তিম এই প্রসঙ্গটির যোগ নির্ণয় করুন। 10

www.prepp.in
Prepp
Your Personal Exams Guide

**8.** *(a)* ''আমার কবিতাকে বা এ-কাব্যের কবিকে নির্জন বা নির্জনতম আখ্যা দেওয়া হয়েছে; কেউ বলেছেন, এ-কবিতা প্রধানত প্রকৃতির বা প্রধানত ইতিহাস ও সমাজ-চেতনার, অন্য মতে নিশ্চেতনার; কারো মীমাংসায় এ-কাব্য একান্ত প্রতীকী; সম্পূর্ণ অবচেতনার; সুররিয়ালিস্ট।'' কবি জীবনানন্দের আত্ম-সমালোচনার প্রেক্ষিতে তাঁর 'শ্রেষ্ঠ কবিতা'কে বিচার করুন। 20

*(b)* 'জাগরী'কে রাজনৈতিক উপন্যাস বলা যায় কি না, যুক্তিসহ আপনার মতামত ব্যক্ত করুন। 15

*(c)* বাংলা নাটকের ধারায় 'এবং ইন্দ্রজিৎ' নাটকটির বিশেষত্ব নিরূপণ করুন। 15

★ ★ ★